



স্মারক নং: ৮৩৯ /ভেটঃ অনুঃ/ইন্টার্নশিপ

তারিখ : ১৭ /১০/২০২৪

বরাবর
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ত্রিশাল, ময়মনসিংহ

বিষয়: ভেটেরিনারি অনুষদ, বাকুবি, ময়মনসিংহ এর ডিভিএম লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই-ডিসেম্বর/২০২৩) শিক্ষার্থীদের
ইন্টার্নশিপ কর্মসূচী/২০২৪ (২১তম ব্যাচ) বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের ডিভিএম লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই-ডিসেম্বর/২০২৩) এর ১৯১ জন শিক্ষার্থীর ইন্টার্নশিপ কর্মসূচী ১৪টি গ্রুপ (প্রতি গ্রুপে ১৩/১৪ জন শিক্ষার্থী) আগামী ২৭ অক্টোবর ২০২৪ তারিখ হতে শুরু হতে যাচ্ছে। ইন্টার্নদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিগত বছরের ন্যায় আপনার আওতাধীন স্থাপনা অন্তর্ভুক্ত করা হয়েছে। ইন্টার্নশিপ কর্মসূচী বাস্তবায়নে আপনার সহযোগিতা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের ডিভিএম লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই-ডিসেম্বর/২০২৩) শিক্ষার্থীদের ইন্টার্নশিপ কর্মসূচী/২০২৪ (২১তম ইন্টার্নশিপ প্রোগ্রাম) আগামী ২৭ অক্টোবর ২০২৪ হতে ৩০/০১/২০২৫ তারিখ পর্যন্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি। সেই মোতাবেক আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ইন্টার্নশিপ প্রোগ্রামের রুটিনসহ নিম্নবর্ণিত কাগজপত্র যথানীচ্রে আপনার বরাবরে পাঠানো হবে।

১. ইন্টার্নশিপ প্রোগ্রাম/২০২৪
২. ইন্টার্নদের এটেনডেন্ট শীট
৩. ইন্টার্নদের মার্কস শীট
৪. প্রশিক্ষকবৃন্দের পারিতোষিক বিল ফরম
৫. গাইড শিক্ষকবৃন্দের তালিকা
৬. শিক্ষার্থীদের তালিকা

উল্লেখিত ২১তম ইন্টার্নশিপ প্রোগ্রাম বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদসহ,


(প্রফেসর ড. মোঃ আব্দুল আউয়াল)
ডিন, ভেটেরিনারি অনুষদ
মোবাইল : ০১৭১১১৩০৬৪০